# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট　　সৃজনশীল প্রশ্ন　　পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ৭ টি প্রশ্নের উত্তর দাও।]*

১.▶ একটি দেশের অর্থনৈতিক কাঠামো শক্তিশালী করার জন্য ব্যাংকের ভূমিকা বর্ণনাতীত। রোম সভ্যতা যেমন একদিনেই গড়ে উঠেনি ঠিক তেমনি আধুনিক ব্যাংক ব্যবস্থাও একদিনে গড়ে উঠেনি। অনেক বিবর্তন এবং ক্রমোন্নতির ধারাবাহিকতার ফসল এই বর্তমান আধুনিক ব্যাংক ব্যবস্থা। এই উন্নয়নের পেছনে অনেক শ্রেণি পেশার মানুষের অবদান রয়েছে। আধুনিক ব্যাংকের পূর্বসূরী হিসেবে তাদের অবদান রয়েছে এবং তাদের সেই অর্থনৈতিক কার্যাবলির সাথে আজকের আধুনিক ব্যাংক কার্যক্রমের অনেক মিল পরিলক্ষিত হচ্ছে।

ক. হোল্ডিং কোম্পানি ব্যাংক কী? ১

খ. "তালিকাভুক্ত ব্যাংক কম ঝুঁকিপূর্ণ"— ব্যাখ্যা করো। ২

গ. "পূর্বেকার ব্যাংক ব্যবস্থার উত্তরসূরীদের অনেক কাজ এখন বর্তমান ব্যাংক ব্যবস্থায় পরিলক্ষিত হয়"— ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোচনা অনুযায়ী আধুনিক ব্যাংক ব্যবস্থায় উন্নয়নের পেছনে উত্তরসূরীদের অবদান সম্পর্কে তোমার মতামত দাও। ৪

২.▶ ব্যাংক ব্যবস্থার জনপ্রিয়তা এবং গ্রাহকদের বিভিন্নমুখী সেবা প্রদানের জন্য ব্যাংকগুলোর মাঝে অনেক সময় দেনা-পাওনার সৃষ্টি হয়। এই দেনা-পাওনার জন্য যাতে ব্যাংকগুলো নিজেদের মাঝে কোনো বিশৃঙ্খলা সৃষ্টি না করে এবং তাদের মধ্যকার লেনদেনগুলো স্বচ্ছতা ও দক্ষতার সাথে পরিচালনা জন্য নিকাশ ঘর কাজ করে। প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বিভিন্ন প্রকার সহায়তাদানের মাধ্যমে একটি দেশে সুসংগঠিত এবং শক্তিশালী অর্থনীতি গঠনে নিকাশ ঘর কাজ করে যাচ্ছে।

ক. ব্যাংক হার নীতি কী? ১

খ. ঋণ আমানত সৃষ্টির আবশ্যকীয় শর্তাবলিগুলো ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে নিকাশ ঘরের কার্যক্রমের মাধ্যমে লেনদেন নিষ্পত্তি প্রক্রিয়া সম্পর্কে আলোচনা করো। ৩

ঘ. নিকাশ ঘর সম্প্রসারণ ব্যাংক ব্যবস্থার নিয়ন্ত্রণের জন্য গুরুত্বপূর্ণ. এ সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৩.▶ বাণিজ্যিক ব্যাংকগুলো ব্যাংকে রক্ষিত মানুষের বিভিন্ন হিসাবের গচ্ছিত টাকা নিয়মানুযায়ী সংরক্ষণ করে, বাকী অর্থ জনগণকে ঋণ প্রদানের মাধ্যমে মুনাফা অর্জন করে থাকে। কিন্তু দেখা যায়, মঞ্জুরকৃত ঋণের সম্পূর্ণটা গ্রাহক একবারেই ব্যাংক থেকে উত্তোলন করে না। এ সুযোগকে কাজে লাগিয়ে এবং জমাকৃত অর্থের উপযোগিতা বৃদ্ধি

https://teachingbd24.com

ও বেশি পরিমাণ ঋণ প্রদানের উদ্দেশ্যে ব্যাংকগুলো একটি অভিনব প্রক্রিয়ায় ঋণের বিপরীতে আমানত এবং আমানতের বিপরীতে ঋণ তৈরি করছে। প্রতিকূল পরিস্থিতিতে মাঝে মাঝে ঋণ সৃষ্টির ক্ষেত্রে অসুবিধার সৃষ্টিও হয়।

ক. শেয়ার অবলেখন কী? ১

খ. "বাণিজ্যিক ব্যাংক সর্বদা স্বল্পমেয়াদি ঋণ দেয়"-বুঝিয়ে লেখো। ২

গ. উদ্দীপকের আলোকে ব্যাংকগুলোর ঋণ আমানত সৃষ্টির উপায় আলোচনা করো। ৩

ঘ. বাণিজ্যিক ব্যাংকগুলোর এই ঋণ সৃষ্টির ক্ষমতা কমার কারণগুলো সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৪.▶ সভ্যতার ক্রমবিকাশ এবং নানামুখী প্রয়োজনে মানুষের অর্থনৈতিক কার্যক্রমের পরিধি প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। গ্রাহকদের প্রয়োজন অনুসারে এবং মক্কেলের সাথে সুসম্পর্ক বজায় রাখা এবং ভবিষ্যতে অনাকাঙ্খিত পরিস্থিতি এড়াতে ব্যাংক সাধারণত ব্যাংক হিসাবে ব্যবস্থা করে থাকে। এটি ছাড়া সাধারণত ব্যাংকগুলো কারোও সাথে লেনদেন করে না। বিভিন্ন গ্রাহক তার নানামুখী প্রয়োজনের কথা বিবেচনা করে সঠিক ব্যাংক হিসাব খুলে থাকে।

ক. পাশ বই কী? ১

খ. বাহক চেক অনিরাপদ-ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণনানুযায়ী ব্যাংক হিসাব খোলার প্রয়োজনীয়তা সম্পর্কে তোমার মতামত দাও। ৩

ঘ. ব্যাংক হিসাব নির্বাচনের সময় বিভিন্ন বিষয়গুলো বিবেচনার করায় প্রয়োজনীয়তা সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৫.▶ জনাব মাহাদি তার কর্মচারীকে ডেকে একটি চেক ব্যাংকে গিয়ে ভাঙ্গিয়ে আনতে বলেন যেটি তিনি শেয়ারে লভ্যাংশ বাবদ পেয়েছিলেন। যাতে লেখা ছিল "জনাব মাহাদিকে ১০,০০০ টাকা পরিশোধ করুন"। ব্যাংকে চেকটি উপস্থাপিত হলে ব্যাংক কর্তৃপক্ষ আইনের কথা বলে টাকা দিতে অস্বীকৃতি জানায় এবং চেকটি ফেরত প্রদান করে একটি জায়গায় টিক চিহ্ন দিয়ে তাতে স্বাক্ষর আনতে বলে।

ক. বিনিময় বিল কী? ১

খ. "চেকের মর্যাদার জন্য চেক সঠিকভাবে প্রস্তুত করা উচিত"-ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে কর্মচারী কর্তৃক বহনকৃত চেকটির কোন সমস্যার কারণে ব্যাংক টাকা দিতে অস্বীকৃতি জানায় বলে তুমি মনে করো? ৩

ঘ. কোন আইনের বদৌলতে ব্যাংক টাকা দিতে অস্বীকৃতি জানায় এবং সেটি কতটুকু গুরুত্বপূর্ণ এ সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৬.▶ বৈদেশিক বাণিজ্যে রপ্তানিকৃত পণ্যের মূল্য প্রাপ্ত এবং আমদানিকৃত পণ্যের প্রাপ্তি নিয়ে যাতে কাউকেই চিন্তার মধ্যে থাকতে না হয় এজন্য একটি বহুল ব্যবহৃত ঋণের দলিল ব্যবহৃত হয়। এই দলিলের মাধ্যমে ব্যাংক আমদানিকারকের দেনার দায়িত্ব গ্রহণ করে। এতে ব্যাংক তার আমদানিকারকের পক্ষে রপ্তানিকারককে পণ্যের মূল্য নির্দিষ্ট শর্তসাপেক্ষে পরিশোধের নিশ্চয়তা দেয় এবং আমদানিকারকের অপারগতায় নিজে সেটি

https://teachingbd24.com

পরিশোধ করবে বলে প্রতিশ্রুতি দেয়। এটি দেশের অর্থনৈতিক গতিশীলতা সৃষ্টিসহ সামগ্রিক উন্নয়নে অনস্বীকার্য ভূমিকা রাখছে।

ক. নগদ ঋণ কী? ১
খ. "জামানতযুক্ত ঋণ ব্যাংকের জন্য নিরাপদ"— ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের এই ঋণের দলিলটির মাধ্যমে আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পর্কে আলোচনা করো। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দলিলটি ব্যবসা বাণিজ্যে কীভাবে সহায়তা করছে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

**৭.** ▶ হঠাৎ ব্যাংক বন্ধের দিন জনাব মুকিতের নগদ টাকার প্রয়োজন পড়লে তিনি তার ব্যবহৃত ইলেকট্রনিক কার্ডটি নিয়ে নিকটস্থ একটি এটিএম বুথে যান। কার্ডটি বুথে প্রবেশ করানো মাত্রই পার্সওয়ার্ড দিয়ে টাকার পরিমাণ লিখলেই টাকা না বেরিয়ে কার্ডটি বেরিয়ে আসে। এ সময় মেশিনের মনিটরে অপর্যাপ্ত টাকা থাকার বিষয়টি দৃশ্যমান হয়। তিনি তার বন্ধুর কাছে গেলে তিনি বিশেষ এক ধরণের কার্ডের কথা বলেন যা দিয়ে তিনি টাকা জমা না দিয়েও বুথ থেকে প্রায়শই অতিরিক্ত টাকা তুলতে পারেন। কার্ডটির মাধ্যমে তিনি টাকা তুলতে সক্ষম হন।

ক. ফোরফেটিং কী? ১
খ. "নিরাপত্তাই হলো ইলেকট্রনিক ব্যাংকিংয়ের প্রধান অন্তরায়"-ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে কোন কার্ড ব্যবহারের কারণে জনাব মুকিত প্রথমবারে টাকা উত্তোলনে ব্যর্থ হন বলে তুমি মনে করো। ৩
ঘ. জনাব মুকিতের বন্ধুর ব্যবহৃত কার্ডটি অধিক সুবিধাজনক হওয়ায় বিষয়টি সম্পর্কে তোমার মতামত দাও। ৪

**৮.** ▶ বিপর্যয়জনিত অনিশ্চয়তা মানুষের জীবনের প্রতিটি ক্ষেত্রে প্রতি পদক্ষেপে প্রভাব বিস্তার করে থাকে। অপ্রত্যাশিত এবং মানুষের এই না চাওয়া অনেক ঘটনার ফলে মানুষের মূল্যবান অনেক সম্পদ এবং সম্পত্তি ক্ষতিগ্রস্ত হয়। নানারকম ঝুঁকি থেকে সৃষ্ট এই অনিশ্চয়তা এবং অনিশ্চয়তা থেকে সৃষ্ট ক্ষয়-ক্ষতি পূরণ করার জন্য বিমা নামে একটি চুক্তি নির্ভর ব্যবস্থার দ্বারস্থ হয় মানুষজন। এই পদ্ধতিতে বহু ব্যক্তির মধ্যে ক্ষতি বন্টনের সমবায় ব্যবস্থা হিসেবে পরিগণিত করা হয়।

ক. বাজি চুক্তি কী? ১
খ. "বিমা চুক্তি বাজি ধরার চুক্তি নয়"— ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকের আলোকে মানুষের মূল্যবান সম্পদ ও সম্পত্তির জন্য বিভিন্ন বিমার গুরুত্ব আলোচনা করো। ৩
ঘ. "বিমা হলো ঝুঁকি বন্টনের ব্যবস্থা"-এ উক্তি সম্পর্কে তোমার মতামতের যথার্থতা আলোচনা করো। ৪

**৯.** ▶ সমুদ্রে চলাচলের নানা বিপদের কথা মাথায় রেখে একটি জাহাজ কোম্পানি তাদের একটি জাহাজের জন্য ধাক্কাজনিত বিপদের জন্য বিমা করেছিল। মাঝ সমুদ্রে

https://teachingbd24.com

হঠাৎ ঝড় উঠলে তা ডোবার উপক্রম হলে ক্যাপ্টেন জাহাজের কিছু পণ্য সমুদ্রে নিক্ষেপ করে। ঝড় থেমে গেলে নিমজ্জমান জাহাজটি একটি পাহাড়ের সাথে ধাক্কা লেগে ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়। এতে মালামালের কোনো ক্ষতি না হলেও জাহাজটির ব্যাপক ক্ষতি হয়। পরবর্তীতে কর্তৃপক্ষ বরাবর ক্ষতির আবেদন করলে কোম্পানি পণ্যের ক্ষতিপূরণ করতে অস্বীকৃতি জানায়।

ক. চালানি রশিদ কী? ১

খ. গচ্ছা ও ত্যাগ স্বীকারের ক্ষতির প্রকৃতি কী একই? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বিমা কোম্পানি কর্তৃক পণ্যের কোনো ক্ষতিপূরণ না করাটা কতটুকু যৌক্তিক? ব্যাখ্যা করো। ৩

ঘ. ক্ষতি সংগঠিত হলে কীভাবে জাহাজের মালিক ক্ষতিপূরণের আবেদন করবে তার বিস্তারিত বিবরণ দাও। ৪

১০.▶ পোষাক শিল্প ব্যবসায়ী জনাব মাসুক অতীতে সংঘটিত বিভিন্ন মারাত্মক অগ্নিকাণ্ডের ফলে সৃষ্টি ক্ষতি সম্পর্কে অবগত হয়ে তার কোম্পানির জন্য একটি বিমা পলিসি গ্রহণ করেন। চুক্তির শর্তে কোম্পানি এটা উল্লেখ করে যে, ক্ষতি সংঘটিত হলে বাজার মূল্য অনুযায়ী আনুপাতিক হারে সম্পদের ক্ষতিপূরণ করা হবে। তিনি তার গুদামে অবস্থিত ৬ কোটি টাকা পণ্যের মধ্যে ৪ কোটির বিমা করে। একবার অগ্নিকাণ্ডে ২ কোটি ৪০ লক্ষ টাকার পণ্য নষ্ট হয়। তিনি কোম্পানি বরাবর ক্ষতিপূরণের আবেদন জানান।

ক. অগ্নি অপচয় কী? ১

খ. অগ্নিবিমায় প্রত্যক্ষ কারণ বিবেচনা করার কারণ ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে জনাব মাসুক বিমা কোম্পানি থেকে কতটুকু ক্ষতিপূরণ পাবেন তা নির্ণয় করে দেখাও। ৩

ঘ. উদ্দীপকে জনাব মাসুকের ক্ষতির টাকা কম পাবার কারণ বিমাচুক্তির নিয়মানুযায়ী কতটুকু যৌক্তিক-এ সম্পর্কে তোমার মতামত দাও। ৪

১১.▶ ব্যবসায় বাণিজ্যের পাশাপাশি আমাদের দেশের অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে গবাদি পশুর ভূমিকা ব্যাপক। বিশেষ করে আমাদের মত কৃষিপ্রধান দেশে যেখানে একটি পশু মারা গেলে কৃষককে নিঃস্ব মনে হয় সেখানে এর বিমার অপরিহার্যতা বলার অপেক্ষা রাখে না। গবাদি পশুর মৃত্যু একদিকে যেমন কৃষিকাজের বিঘ্ন ঘটায় তেমনি আর্থিক বিপর্যয় ডেকে আনে। কোনো দুর্ঘটনা বা রোগাক্রমনের ফলে পশুর মৃত্যু হলে এর ক্ষতিপূরণস্বরূপ বিমাগ্রহীতাকে বিমাকারী অর্থ প্রদান করে থাকে।

ক. ডাকাতি বিমা কী? ১

খ. "সকল প্রতিদান বৈধ হওয়া উচিত"-ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে কোন ধরনের বিমার প্রতি আলোকপাত করা হয়েছে এবং কতটুকু গুরুত্বপূর্ণ– তা ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিমায় কোম্পানি হতে ক্ষতিপূরণ পেতে চাইলে একজন বিমাগ্রহীতার দাবি পেশ পদ্ধতি সম্পর্কে আলোচনা করো। ৪

Teachingbd24.com

# ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

## বহুনির্বাচনি প্রশ্ন

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

পূর্ণমান– ৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. Banco শব্দের উৎপত্তি কোন দেশে?
ⓚ জার্মানি ⓚ ইতালি
ⓖ ইংল্যান্ড ⓖ ফ্রান্স

২. বাণিজ্যিক ব্যাংকের ঋণ আমানত সৃষ্টি প্রক্রিয়ার অন্তর্ভুক্ত হলো–
i. রিনিয়োগের মাধ্যমে সৃষ্টি
ii. আমানত থেকে ঋণ সৃষ্টি
iii. ঋণ হতে আমানত সৃষ্টি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

৩. নিকাশ ঘরের কাজ হলো–
ⓚ ঋণ নিয়ন্ত্রণ করা
ⓚ ঋণের ভারসাম্য রক্ষা করা
ⓖ আন্তঃব্যাংকিং দেনা-পাওনা আদায় করা
ⓖ কেন্দ্রীয় ব্যাংকের পাওনা আদায় করা

**উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দাও।**
কেন্দ্রীয় ব্যাংক তালিকাভুক্ত সকল ব্যাংকে প্রদত্ত ঋণের ৫% কৃষিখাতে বরাদ্দের জন্য নির্দেশনা জারি করল।

৪. উদ্দীপকের নির্দেশনা কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের কোন পদ্ধতির আওতাভুক্ত?
ⓚ ব্যাংক হার নীতি
ⓚ জমার হার পরিবর্তন নীতি
ⓖ ঋণের বরাদ্দকরণ নীতি
ⓖ জামানতি ঋণের প্রান্তিক হার পরিবর্তন নীতি

৫. কেন্দ্রীয় ব্যাংক উপরিউক্ত ব্যবস্থা গ্রহণের কারণ কী?
ⓚ কৃষকরা অধিকাংশই গরিব
ⓚ কৃষি খাতের উন্নয়নের জন্য
ⓖ কৃষিকদেরকে ঋণের প্রতি উৎসাহ বৃদ্ধির জন্য
ⓖ ব্যাংকের আয় বৃদ্ধির জন্য

৬. বাংলাদেশে বিদেশি বাণিজ্যিক ব্যাংকের সংখ্যা কতটি?
ⓚ ৬ ⓚ ৭
ⓖ ৮ ⓖ ৯

৭. যুক্তরাষ্ট্রের কেন্দ্রীয় ব্যাংকের নাম কী?
ⓚ দি রিজার্ভ ব্যাংক অব আমেরিকা
ⓚ দি ব্যাংক অব আমেরিকা
ⓖ দি ফেডারেল রিজার্ভ সিস্টেম
ⓖ দি স্টেট ব্যাংক অব আমেরিকা

৮. কোন নীতি অনুযায়ী বাণিজ্যিক ব্যাংক বিভিন্ন খাতে ঋণ প্রদান করে?
ⓚ মুনাফার নীতি ⓚ বিনিয়োগ নীতি
ⓖ সেবার নীতি ⓖ বৈচিত্রতার নীতি

৯. ব্যাংক নোটে কার স্বাক্ষর থাকে?
ⓚ প্রধানমন্ত্রীর ⓚ গভর্নরের
ⓖ অর্থমন্ত্রীর ⓖ অর্থ সচিবের

১০. বিমা চুক্তির অপরিহার্য উপাদান হলো–
i. দুটি পক্ষ
ii. বিমাযোগ্য স্বার্থ
iii. সঞ্চয়ের সুবিধা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব আলম একজন পোশাক রপ্তানিকারক। সে একটি বড় অর্ডার পেয়েছে এবং তার জন্য প্রচুর মূলধন প্রয়োজন। এই জন্য সে অতিরিক্ত অর্থের জন্য তার ব্যাংকের সাথে একটি চুক্তি করেন।

১১. জনাব আলম ব্যাংক থেকে কোন ধরনের ঋণ গ্রহণ করেছেন?
ⓚ ধার ⓚ জমাতিরিক্ত
ⓖ নগদ ঋণ ⓖ ঋণ

১২. জনাব আলমকে ঋণদানের ক্ষেত্রে কোন ধরনের জামানত বিবেচনা করা হয়েছে?
ⓚ পণ্য বন্ধক
ⓚ স্থাবর সম্পত্তি বন্ধক
ⓖ অতিরিক্ত জামানত
ⓖ ব্যক্তিক জামানত

১৩. কেন্দ্রীয় ব্যাংক কীভাবে মুদ্রাস্ফীতি কমিয়ে থাকে–
i. ব্যাংক রেট বাড়িয়ে
ii. ব্যাংক রেট কমিয়ে
iii. বিধিবদ্ধ জমা বাড়িয়ে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১৪. চেকের অমর্যাদা করতে পারে কে?
ⓚ আদেষ্টা ⓚ ব্যাংক
ⓖ প্রাপক ⓖ অনুমোদনকারী

https://teachingbd24.com

১৫. কোন চেক ভাঙ্গাতে প্রাপকের ব্যাংক হিসাবে জমা দিতে হয়?
ⓚ বাহক চেক ⓚ হুকুম চেক
ⓖ দাগকাটা চেক ⓖ বাসি চেক

১৬. কোনটি অব্যক্তিক জামানতের বৈশিষ্ট্য?
ⓚ গ্রহণযোগ্যতা ⓚ সততা
ⓖ সচ্ছলতা ⓖ সুনাম

১৭. ইলেকট্রনিক ব্যাংকিং-এর ফলাফল হলে–
i. ব্যাংকিং ব্যয় বৃদ্ধি
ii. নিরাপত্তা বৃদ্ধি
iii. অর্থ স্থানান্তর সহজ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও।
মি. মামুন ২০,০০০ টাকার একটি দাগকাটা চেক পেয়ে নির্দিস্ট সময়ের মধ্যে তার হিসাবে জমা দিতে পারলেন না। এমতাবস্থায় চেকটি অকার্যকর হয়েছে।

১৮. উদ্দীপকে বর্ণিত চেককে কোন ধরনের চেক বলা হয়?
ⓚ অবৈধ চেক ⓚ বাসি চেক
ⓖ বাতিল চেক ⓖ অগ্রিম চেক

১৯. চেকটির কার্যকারিতা রক্ষার্থে মি. মামুনের কত দিনের মধ্যে চেকটি ব্যাংকে জমা দেওয়া উচিত ছিল?
ⓚ ৩৬০ ⓚ ৯০
ⓖ ১২০ ⓖ ১৮০

২০. কোন হিসাবের জন্য চেক বই দরকার হয় না?
ⓚ সঞ্চয়ী হিসাব
ⓚ চলতি হিসাব
ⓖ স্থায়ী হিসাব
ⓖ সঞ্চয়ী ও চলতি হিসাব

২১. কীভাবে ঋণের পরিমাণ বাড়ানো হয়?
ⓚ জমার হার বাড়িয়ে
ⓚ ব্যাংক হার বাড়িয়ে
ⓖ ব্যাংক হার কমিয়ে
ⓖ খোলাবাজার হতে সিকিউরিটি ক্রয় করে

২২. কোনটি কেন্দ্রীয় ব্যাংকের অধিক গুরুত্বপূর্ণ কাজ?
ⓚ বিনিয়োগ ⓚ ঋণ নিয়ন্ত্রণ
ⓖ আমানত সংগ্রহ ⓖ বিল বাট্টাকরণ

২৩. দায় বিমা সাধারণত কে করে থাকে?
ⓚ কর্মচারি ⓚ নিয়োগকর্তা
ⓖ শিক্ষার্থী ⓖ ব্যবসায়ী

উদ্দীপকটি পড়ো এবং ২৪-২৬ নং প্রশ্নের উত্তর দাও।
আবির তার বাড়ির জন্য ৩,০০,০০০ টাকায় রূপালী ইন্সুরেন্স এবং ২,০০,০০০ টাকায় সোনালী ইন্সুরেন্স-এর সাথে বিমা করেন। কয়েক মাস পর বাড়িতে আগুন লেগে বাড়িটি নষ্ট হয়ে যায় এবং ক্ষতির পরিমাণ দাঁড়ায় ৪,০০,০০০ টাকা।

২৪. রূপালী ইন্সুরেন্স কত টাকা বিমা দাবি পরিশোধ করবে?
ⓚ ১,৬০,০০০ ⓚ ২,০০,০০০
ⓖ ২,৪০,০০০ ⓖ ৩,০০,০০০

২৫. সোনালী ইন্সুরেন্স কত টাকা বিমা দাবি পরিশোধ করবে?
ⓚ ১,২০,০০০ ⓚ ১,৬০,০০০
ⓖ ২,০০,০০০ ⓖ ২,৪০,০০০

২৬. আবির কত টাকা বিমা দাবি আদায় করতে পারবে?
ⓚ ২,০০,০০০ ⓚ ৩,০০,০০০
ⓖ ৪,০০,০০০ ⓖ ৫,০০,০০০

২৭. সমর্পণ মূল্য পরিশোধের জন্য কমপক্ষে কত বছর অতিবাহিত হতে হবে?
ⓚ ১ ⓚ ২
ⓖ ৩ ⓖ ৪

২৮. আধুনিক অগ্নি বিমার জনক কে?
ⓚ নিকোলাস রবিনসন
ⓚ রিচার্ড মার্টিন
ⓖ নিকোলাস বারবন
ⓖ এডওয়ার্ড লয়েড

২৯. সাময়িক বিমাপত্রের বৈশিষ্ট্য হলো–
i. নবায়নযোগ্য
ii. রূপান্তরযোগ্য
iii. যৌথ জীবন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩০. কোথায় সর্বপ্রথম দুর্ঘটনা বিমার প্রচলন হয়?
ⓚ আমেরিকায় ⓚ ইংল্যান্ডে
ⓖ ইতালিতে ⓖ ফ্রান্সে

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | খ | ৩ | গ | ৪ | গ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | ক | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | গ |
| ১৬ | ক | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | গ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | ক |

Teachingbd24.com